

কে। 'হৃদয়ে প্রেমের শীর্ষ' বই-এর প্রথম রচনায় তার কবিজীবনের
প্রস্তুতিপর্বের এক বৃত্তান্ত শুনিয়েছেন জয় গোস্বামী। কেমন সেই বৃত্তান্ত
নিজের ভাষায় লেখো। ১০

অথবা

খে। শঙ্খ ঘোষের কিশোর উপন্যাস পড়ে মনে হয় পৃথিবীতে চিরকাল
রয়ে যাবে এক অলৌকিক সুপুঁরিবন, আর তার সংলগ্ন মানুষেরা। এই
মন্তব্যটি সম্পর্কে নিজের অভিমত জানাও। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭
(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)
সাম্মানিক বাংলা
প্রবেশক
কোর্স ইউ. জি. - ১.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

১ক। সত্যজিৎ রায় তার আলোচনায় চলচ্চিত্র সবাক হওয়াকে চলচ্চিত্রের
জন্য ক্ষতিকারক মনে করেছিলেন কেন? ১০

অথবা

১খ। বিনোদবিহারীর গল্পের শেষে দাদু নাতিকে গাছটির থাকা না থাকা নিয়ে যা
বলেন, তাই শিল্পের শেষের কথা।-- আলোচনা করো। ১০

অথবা

১গ। লোকনাট্য নগরনাট্যের তফাত কী কী হতে পারে? তোমার মতামত
জানাও। ১০

২ক। 'হৃদয়বরল'-তে সময় নিয়ে সুকুমার রায় নিছক মজা করেছেন নাকি
কোনো বৈজ্ঞানিক ভাবনা তার মনে কাজ করছিল? এই বিষয়ে তোমার
যা মনে হয় লেখো। ১০

(Turn Over)

(২)

অথবা

২খ। ‘হযবরল’ বইটিতে বিভিন্ন উদ্ভট চরিত্রের মধ্যে আমরা কি মানবসমাজের নানা বিচিত্র শ্রেণীর প্রতিনিধিদেরই দেখলাম? তোমার কী মনে হয়? ১০

৩ক। ‘পদিপিসীর বর্মীবাক্স’ গ্রন্থে তোমার পর্যবেক্ষণে বড়োদের আর ছোটোদের সম্পর্কটি কীভাবে ফুটেছে? ১০

অথবা

৩খ। ‘পদিপিসীর বর্মীবাক্স’ গ্রন্থে রহস্যকাহিনীর ছাচটিকেই লীলা মজুমদার কৌতুকময় করে ব্যবহার করলেন কি? তোমার মতামত জানাও। ১০

৪ক। আয়ুর পড়ন্তবেলায় লেখা রবীন্দ্রনাথের ছড়াগুলিতে সমকালীন জীবনের চলচ্ছবি ছন্দের হালকা চালে কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো। ১০

অথবা

৪খ। গানটি প্রসঙ্গে পাঠপ্রতিক্রিয়া জানাও। ১০

আমার প্রাণের পরে চলে গেল কে

বসন্তের বাতাসটুকুর মতো।

সে যে ছুয়ে গেল, নুয়ে গেল রে--

ফুল ফুটিয়ে গেল শত শত।

(৩)

সে চলে গেল, বলে গেল না--সে কোথায় গেল ফিরে এল না।

যে যেতে যেতে চেয়ে গেল কী যেন গেয়ে গেল--

তাই আপনমনে বসে আছি কুসুমবনেতে।

সে চেউয়ের মতন ভেসে গেছে, চাদের আলোর দেশে গেছে,

যেখান দিয়ে হেসে গেছে, হাসি তার রেখে গেছে রে—

মনে হল আখির কোণে আমায় যেন ডেকে গেছে সে।

আমি কোথায় যাব, কোথায় যাব, ভাবতেছি তাই একলা বসে।

সে চাদের চোখে বুলিয়ে গেল ঘুমের ঘোর।

সে প্রাণের কোথায় দুলিয়ে গেল ফুলের ডোর।

কুসুমবনের উপর দিয়ে কী কথা সে বলে গেল,

ফুলের গন্ধ পাগল হয়ে সঙ্গে তারি চলে গেল।

হৃদয় আমার আকুল হল, নয়ন আমার মুছে এল রে—

কোথা দিয়ে কোথায় গেল সে ॥

৪গ। রজনীকান্ত সেনের ‘সংকল্প’ কবিতাটি তুমি কীভাবে অনুভব করছো সংক্ষেপে লেখো। ১০

(Turn Over)